মেহেরপুর থেকে ছিনতাই ট্রাক দামুড়হুদা থেকে উদ্ধার

মেহেরপুরের শতাব্দী ফিলিং স্টেশন থেকে ট্রাক হেলপার নাহিদ হাসানকে(২১) হাত-পা বেঁধে ট্রাক ছিনতাই করে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে দুর্বৃত্তদের বিরুদ্ধে।

তবে পালিয়ে যাওয়ার পথে দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের তালসারী কাঁচা রাস্তা নামক স্থানে এসে ট্রাকটি খাদে আটকে যায়। পরে দুর্বৃত্তরা পালিয়ে গেলেও হাত-পা বাঁধা অবস্থায় হেলপারকে ফেলে রেখে যায়।

শুক্রবার সাড়ে ৬টার দিকে তালসারীর কাঁচা রাস্তা থেকে ট্রাকসহ হেলপারকে উদ্ধার করে স্থানীয়রা।

ট্রাক হেলপার নাহিদ হাসান বলেন, ঘটনাটি ঘটে আনুমানিক রাত ১টার দিকে আমাকে মেহেরপুরের শতাব্দি ফিলিং স্টেশন থেকে হাত-পা বেঁধে ৩ জন দুর্বৃত্ত ট্রাক নিয়ে পালানোর চেষ্টা করে।

ট্রাক হেলপার নাহিদ হাসান মেহেরপুরের খন্দকার পাড়ার ছাব্দার আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, ট্রাকটি ছিনতাই করে নিয়ে যাওয়ার সময় তালসারী কাঁচা রাস্তার একটি স্থানে এসে খাদে আটকে যায়। এ সময় দুর্বৃত্তরা দ্রুত ঘটনাস্থল থেকে পালিয়ে যায় এবং হেলপার নাহিদ হাসানকে হাত-পা বাঁধা অবস্থায় ফেলে রেখে যায়।

এদিকে ঘটনাটি চারদিকে ছড়িয়ে পড়লে ট্রাকের মালিক মুজুল হোসেন ঘটনাস্থলে পৌঁছান। পরে তিনি ট্রাকসহ হেলপারকে উদ্ধার করে নিয়ে যান। এ ঘটনায় তিনি কারও বিরুদ্ধে অভিযোগ করেননি বলে জানা গেছে।

ছিনতাইয়ের অভিযোগ ওঠা ট্রাকটির নম্বর ঢাকা মেট্রো-ট-২০-৭৬৩৭। প্রত্যক্ষদর্শীরা জানান,রাতের আঁধারে ট্রাক ছিনতাই এবং একজন শ্রমিককে হাত-পা বেঁধে ফেলে রেখে যাওয়ার এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। তবে এ ঘটনায় জড়িতদের পরিচয় ও ছিনতাইয়ের পেছনের কারণ সম্পর্কে বিস্তারিত তথ্য জানা যায়নি।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সোনালী ব্যাংক পিএলসি’র মেহেরপুর প্রিন্সিপাল অফিসে নবযোগদানকৃত ডিজিএম ইনচার্জকে শুভেচ্ছা

সোনালী ব্যাংক পিএলসি’র মেহেরপুর প্রিন্সিপাল অফিসে নবযোগদানকৃত ডিজিএম ইনচার্জকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়েছে।

আজ বুধবার (৭ অক্টোবর) সকাল ১১ টাই সোনালী ব্যাংক পিএলসি মেহেরপুর প্রিন্সিপাল অফিসে নবযোগদানকৃত ডিজিএম ইনচার্জ মো: তৌহিদুল আলমকে সোনালী ব্যাংক পিএলসি’র মেহেরপুর শাখার এজিএম মো: ওবায়দুর রহমান ভুল দিয়ে শুভেচ্ছা জানায়।

এসময় আরও উপস্থিত ছিলেন, এসপিও মুরশিদ আলম, বজলুল হুদা, হাসেম উদ্দিন, নাজমুল হক, জহিরুল ইসলাম, শহিদুল ইসলাম, পিও আব্দুল্লাহ আল মাসুম, দেবজ্যোতি রায়, আলী হায়দার, এসওআইটি রাকিবুল হাসানসহ এ সময় ব্যাংকের কর্মকর্তারা নবাগত ডিজিএম ইনচার্জকে স্বাগত জানান এবং তার দায়িত্ব পালনে সার্বিক সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, সোনালী ব্যাংক পিএলসি মেহেরপুরের বিভিন্ন শাখার ম্যানেজার এবং অফিসের কর্মকর্তা-কর্মচারীরা।

দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে মেহেরপুরে মহিলা দলের মিছিল ও সমাবেশ

দেশবিরোধী ষড়যন্ত্র এবং পরিকল্পিতভাবে দেশে অস্থিতিশীলতা ও নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টার প্রতিবাদে মেহেরপুরে মিছিল ও

সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জরুরি কূটনৈতিক উদ্যোগ চায় বাংলাদেশ মার্চেন্ট শিপিং ফেডারেশন

দুবাই, সংযুক্ত আরব আমিরাত, মিশর ও সুয়েজ খালসহ গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক মেরিটাইম হাবে ভিসা, ট্রানজিট, ক্রু পরিবর্তন, জাহাজে যোগদান ও সাইন-অফ সংক্রান্ত জটিলতায় বাংলাদেশি নাবিকেরা চাকরি হারাচ্ছেন বলে দাবি করেছে বাংলাদেশ মার্চেন্ট শিপিং ফেডারেশন। এ সমস্যা দ্রুত নিরসনে সরকারের জরুরি কূটনৈতিক উদ্যোগ দাবি করেছে সংগঠনটি।

শনিবার (৩ অক্টোবর) জাতীয় প্রেস ক্লাবের মাওলানা মোহাম্মদ আকরাম খাঁ হলে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। এতে লিখিত বক্তব্য দেন বাংলাদেশ মার্চেন্ট শিপিং ফেডারেশনের চেয়ারম্যান ও প্রধান প্রকৌশলী মাসুদ রানা।

লিখিত বক্তব্যে বলা হয়, বিশ্বের বিভিন্ন দেশের পতাকাবাহী জাহাজে প্রায় ১৬ হাজার বাংলাদেশি নাবিক কর্মরত রয়েছেন। তারা প্রতিবছর প্রায় ৬০ থেকে ৬৭ কোটি মার্কিন ডলার, অর্থাৎ সাড়ে ৭ হাজার কোটি টাকার বেশি আয় করেন।

তবে সম্প্রতি সংযুক্ত আরব আমিরাতে প্রবেশ, ট্রানজিট ও ক্রু পরিবর্তনের অনুমোদন, মিশরের ভিসা প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতা এবং পোর্ট সাঈদ ও সুয়েজ খাল এলাকায় সাইন-অন ও সাইন-অফের ক্ষেত্রে বিভিন্ন প্রশাসনিক জটিলতায় বাংলাদেশি নাবিকেরা সমস্যায় পড়ছেন বলে দাবি করেছে ফেডারেশন।

সংগঠনটির দাবি, নির্ধারিত সময়ে ভিসা অনুমোদন না পাওয়ায় নিশ্চিত নিয়োগ থাকা সত্ত্বেও শত শত নাবিক সময়মতো জাহাজে যোগ দিতে পারছেন না। এতে বাংলাদেশ বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা হারাচ্ছে।

একই সঙ্গে বাংলাদেশি ক্রু, মেরিন অফিসার ও মেরিন ইঞ্জিনিয়ারদের পরিবর্তে ভারত ও ফিলিপাইনের নাবিকেরা চাকরির সুযোগ পাচ্ছেন।

ভিসা জটিলতা নিরসনে গুরুত্বপূর্ণ মেরিটাইম দেশগুলোতে বাংলাদেশের দূতাবাস ও কনস্যুলেটে মেরিটাইম কাউন্সিলর নিয়োগের প্রস্তাব দেওয়া হয় সংবাদ সম্মেলনে।

বক্তারা বলেন, ‘আমরা কোনো দেশের অভিবাসন নীতির প্রতি অসম্মান প্রদর্শন করতে চাই না। আমরা চাই পারস্পরিক সহযোগিতা, কার্যকর কূটনৈতিক সমাধান এবং বাংলাদেশি নাবিকদের জন্য একটি নির্ভরযোগ্য ভিসা ও ক্রু পরিবর্তন ব্যবস্থা।’

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন গণফোরামের সভাপতি অ্যাডভোকেট সুব্রত চৌধুরী, রিলায়েন্স শিপিং সার্ভিসের প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাপ্টেন মোহাম্মদ আবুল খায়ের, ইউনিকর্ন শিপিং সার্ভিসের নির্বাহী পরিচালক ক্যাপ্টেন সৈয়দ আমির হোসেন, মার্চেন্ট শিপিং ফেডারেশনের ভাইস প্রেসিডেন্ট ক্যাপ্টেন আবু মোহাম্মদ সালেহ, সাংগঠনিক সম্পাদক ইঞ্জিনিয়ার মইন আহমেদ এবং এরিস্টোক্রাট মার্চেন্ট মেরিন সার্ভিস লিমিটেডের ডিজিএম সুমন সিকদার।

অনুষ্ঠানের শেষে বিশেষ অবদানের জন্য মাস্টার মেরিনার ক্যাপ্টেন আবু মোহাম্মদ সালেহকে বাংলাদেশ মার্চেন্ট শিপিং ফেডারেশনের পক্ষ থেকে সম্মাননা দেওয়া হয়।

মুজিবনগরে দুর্গাপূজার প্রস্তুতিমূলক সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৬ শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে উদযাপন উপলক্ষে মেহেরপুরের মুজিবনগরে পূজামণ্ডপগুলোর নিরাপত্তা, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও সার্বিক প্রস্তুতি নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে।

ও সচিব এবং মুজিবনগর উপজেলার সাতটি পূজামণ্ডপের পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকরা।

আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন করতে প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, পূজা উদযাপন পরিষদ, মণ্ডপ পরিচালনা কমিটি, স্বেচ্ছাসেবক এবং সর্বস্তরের জনগণের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়।

মেহেরপুরে মাদ্রাসায় জমি বিরোধে সংঘর্ষ, আতঙ্কে শিক্ষার্থী-অভিভাবক

মেহেরপুর শহরের ঘোষপাড়ায় জমি সংক্রান্ত বিরোধের জেরে সবুজ ছায়া ইসলামিয়া মাদ্রাসায় হামলা ও মারধরের ঘটনা ঘটেছে। মঙ্গলবার সকালে এ ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

মাদ্রাসা কর্তৃপক্ষের অভিযোগ, জমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষের করা মামলা আদালত খারিজ করে দিলেও তারা বিরোধ অব্যাহত রেখেছে। এরই ধারাবাহিকতায় মঙ্গলবার সকালে মাদ্রাসায় গিয়ে গণ্ডগোল ও মারধর করা হয়।

মাদ্রাসা কর্তৃপক্ষ জানায়, ঘোষপাড়ায় ক্রয় করা জমির ওপর সবুজ ছায়া ইসলামিয়া মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়। পরে সেখানে স্থায়ী ভবন নির্মাণের কাজ শুরু করলে প্রতিপক্ষ বাধা দেয়। এ নিয়ে মেহেরপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে মামলা করা হয়। চলতি বছরের ১৪ মে আদালত মামলাটি খারিজ করে দেন।

মাদ্রাসার প্রতিষ্ঠাতা আমিরুল ইসলাম বলেন, আদালতের সিদ্ধান্ত তাদের পক্ষে যাওয়ার পরও প্রতিপক্ষ বিভিন্নভাবে জমি ও নির্মাণকাজে বাধা দিয়ে আসছে। মঙ্গলবার সকালে মাদ্রাসায় এসে তারা গণ্ডগোল ও মারধর করলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

সবুজ ছায়া ইংলিশ ভার্সন স্কুল ও মাদ্রাসার পরিচালক আফরোজা ইসলাম

বলেন, ‘এহিয়া খন্দকারের ছেলে আব্দুর রশীদ, আব্দুস সাত্তারসহ কয়েকজন নারী আমাদের প্রতিষ্ঠানে হামলা চালান। ওই সময় অনেক অভিভাবক উপস্থিত ছিলেন। তাদের সঙ্গেও তারা খারাপ আচরণ করেন। এমনকি শিশুদের সামনে তারা বঁটি নিয়ে মারতে আসেন। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। আদালতের রায় না মেনে তারা জোর করে আমাদের নির্মাণকাজে বাধা দিচ্ছেন।’

অভিভাবক সোহাগ খন্দকার বলেন, ‘মাদ্রাসায় এমন ঘটনা দেখে আমার ছেলে ভয় পেয়ে যায়। সে কান্নাকাটি করছিল। পরে তার মা আমাকে ফোন দিলে আমি দ্রুত এসে পরিস্থিতি দেখি।’

আরেক অভিভাবক মোছা. নিশি বলেন, ‘আমার ছেলে অনেক ভয় পেয়েছে। আমিও আতঙ্কিত হয়ে পড়েছি। এভাবে চলতে থাকলে এখানে ছেলেকে পড়ানো সম্ভব হবে কি না, তা নিয়ে চিন্তায় আছি।’

এদিকে, ঘটনার পর বিষয়টি নিয়ে পুলিশ উভয় পক্ষের সঙ্গে কথা বলেছে। পুলিশ জানিয়েছে, এটি জমি সংক্রান্ত বিরোধ হওয়ায় উভয় পক্ষকে নিয়ে আলোচনা করে বিষয়টি সমাধানের চেষ্টা করা হবে।

মেহেরপুরে শিশু অধিকার দিবস ও শিশু একাডেমির ৫০ বছর পূর্তি উদযাপন

শিশু অধিকার দিবস ২০২৬ ও বাংলাদেশ শিশু একাডেমির ৫০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে দেশব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার সকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান ভিডিও কনফারেন্সের মাধ্যমে শিশু অধিকার দিবস ২০২৬ ও বাংলাদেশ শিশু একাডেমির ৫০ বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এ উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান

সম্প্রচার করা হয়। এতে জেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিশুরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ভুবন চন্দ্র হালদার ও কাজী নৌরীন ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ মাসুদ, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জল হোসেন, শাকির আহমেদ, পুলিশ পরিদর্শক আনিসুর রহমান, এনএসআইয়ের সহকারী পরিচালক জাহিদুল ইসলাম, সদর উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (চলতি দায়িত্ব) বুলবুলি খাতুন, পিটিআইয়ের ইনস্ট্রাক্টর আবুল কালাম আজাদ, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক (চলতি দায়িত্ব) তৌহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ এবং আইসিটি কর্মকর্তা সুব্রত কুমার।

এ সময় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিশুরাও উপস্থিত থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান উপভোগ করে।